



বাংলাদেশ নৌবাহিনী

অফিসার ক্যাডেট ২০২৭এ (২য় গ্রুপ) ব্যাচের ভর্তি বিজ্ঞপ্তি

দেশ সেবার সুযোগ, নেতৃত্বের চ্যালেঞ্জ ও
রোমাঞ্চকর জীবনের অভিজ্ঞতা অর্জন করতে
বাংলাদেশ নৌবাহিনীর অফিসার ক্যাডেট
হিসেবে যোগ দিন

SSC ও HSC তে সকল বিষয়ে
A+ প্রাপ্ত প্রার্থীগণের লিখিত
পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীত ISSB
তে গমনের সুযোগ।



JOIN BANGLADESH NAVY
SERVE THE NATION

উপযুক্ততা

- ১। **বয়স**। ০১ জানুয়ারি ২০২৭ তারিখে ১৬½ বছর হতে ২১ বছর (সশস্ত্র বাহিনীতে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে ১৮ থেকে ২৩ বছর) এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ২। **শারীরিক যোগ্যতা (ন্যূনতম)।**

শারীরিক যোগ্যতা	পুরুষ	মহিলা
উচ্চতা	১৬২.৫ সেঃ মিঃ (৫'-৪")	১৫৫ সেঃ মিঃ (৫'-১")
ওজন*	৫০ কেজি	৪৬ কেজি
বুকের মাপ	স্বাভাবিক ৭৬ সেঃ মিঃ (৩০") সম্প্রসারিত ৮১ সেঃ মিঃ (৩২")	স্বাভাবিক ৭১ সেঃ মিঃ (২৮") সম্প্রসারিত ৭৬ সেঃ মিঃ (৩০")
দৃষ্টিসীমা	এক্সিকিউটিভ শাখা: ৬/৬ তবে ৬/১২ দৃষ্টিসীমার প্রার্থীগণ চশমা পরিহিত অবস্থায় ৬/৬ অর্জন করলে আবেদনের যোগ্য। ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ও সাপ্লাই শাখা: ৬/৬ তবে ৬/৩৬ পর্যন্ত দৃষ্টিসীমার প্রার্থীগণ চশমা পরিহিত অবস্থায় ৬/৬ অর্জন করলে আবেদনের যোগ্য।	

* (উচ্চতা ও বয়স অনুসারে সশস্ত্র বাহিনীর জন্য নির্ধারিত ক্ষেলের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবে)

৩। শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)।

ক। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে যেকোনো একটিতে ন্যূনতম জিপিএ ৫.০০ অপরটিতে ন্যূনতম জিপিএ ৪.৫০ পেয়ে উত্তীর্ণ। উভয় পরীক্ষায় গণিত ও পদার্থবিজ্ঞান বিষয় অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে।

অথবা, ইংরেজি মাধ্যমের প্রার্থীগণের জন্য 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ৩টিতে A গ্রেড, ৩টিতে B গ্রেড থাকতে হবে এবং 'এ' লেভেলে জন্য ন্যূনতম ১টিতে A গ্রেড, ২টি বিষয়ে B গ্রেড পেয়ে উত্তীর্ণ। উভয় পরীক্ষায় গণিত ও পদার্থবিজ্ঞান বিষয় অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে।

খ। সশস্ত্র বাহিনীতে কর্মরত প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে যেকোনো একটিতে ন্যূনতম জিপিএ ৫.০০ অপরটিতে ন্যূনতম জিপিএ ৪.৫০ পেয়ে উত্তীর্ণ। উভয় পরীক্ষায় গণিত ও পদার্থবিজ্ঞান বিষয় অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে।

২০২৬ সালের এইচএসসি/ সমমান পরীক্ষার প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

- ৪। বৈবাহিক অবস্থা : অবিবাহিত।
- ৫। জাতীয়তা : শুধুমাত্র বাংলাদেশি পুরুষ ও মহিলা নাগরিক (দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়)।

অযোগ্যতা

- ৬। সেনা, নৌ ও বিমান বাহিনী অথবা যে কোন সরকারি চাকরি হতে বরখাস্ত কিংবা অপসারিত হলে।
- ৭। আইএসএসবি কর্তৃক দুইবার ক্রিডেট/ প্রত্যাহ্যাত হলে (একবার ক্রিডেট/ একবার প্রত্যাহ্যাত প্রার্থীরা আবেদন করতে পারবেন)।
- ৮। সেনা, নৌ ও বিমান বাহিনীর আপিল মেডিকেল বোর্ড কর্তৃক অযোগ্য বিবেচিত হলে।
- ৯। যে কোন বিচারালায় হতে দণ্ডপ্রাপ্ত হলে।
- ১০। প্রার্থীর বয়স ১৮ বছর হওয়ার পূর্বে LASIK, PRK, SMILE অপারেশন গ্রহণযোগ্য নয়। অপারেশনের তারিখ হতে চোখ পরীক্ষা তারিখের মধ্যে ন্যূনতম ৩ (তিন) মাস অতিবাহিত হতে হবে।
- ১১। অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ এবং এক নামে একাধিক আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

মনোনয়ন পদ্ধতি

- ১২। **প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা, প্রাথমিক সাক্ষাৎকার ও লিখিত পরীক্ষার তারিখ ও বিষয়সমূহ।**

পরীক্ষার কেন্দ্র	প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাৎকারের তারিখ	লিখিত পরীক্ষার তারিখ ও বিষয়সমূহ
নৌবাহিনী ঢাকা, মিরপুর-১৪, ঢাকা	১৬ হতে ১৯ আগস্ট ২০২৬ (পুরুষ প্রার্থী) ২০ আগস্ট ২০২৬ (মহিলা প্রার্থী)	২২ আগস্ট ২০২৬ (বুদ্ধিমত্তা, ইংরেজি ও সাধারণজ্ঞান)

১৩। **আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকার।** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকার আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ (আইএসএসবি), ঢাকা সেনানিবাস, ঢাকায় অনুষ্ঠিত হবে।

১৪। **চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা।** আইএসএসবি পরীক্ষা চলাকালীন প্রার্থীগণকে চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৫। **চূড়ান্ত মনোনয়ন পর্ষদ।** চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত প্রার্থীগণের নৌসদর কর্তৃক চূড়ান্ত মনোনয়ন পর্ষদ কার্যক্রম নভেম্বর - ডিসেম্বর ২০২৬ এর মধ্যে অনুষ্ঠিত হবে।

১৬। **নেভাল একাডেমিতে যোগদান।** চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীগণ ডিসেম্বর ২০২৬ এর শেষ সপ্তাহে বাংলাদেশ নেভাল একাডেমি, পতেঙ্গা, চট্টগ্রামে অফিসার ক্যাডেট হিসেবে যোগদান করবেন।

প্রশিক্ষণ/কমিশন

১৭। বাংলাদেশ মিলিটারি একাডেমিতে ১০ সপ্তাহের প্রশিক্ষণসহ বাংলাদেশ নেভাল একাডেমিতে অফিসার ক্যাডেট হিসেবে ১৮ মাস এবং মিডশিপম্যান হিসেবে ১৮ মাসসহ মোট ০৩ বছর মেয়াদী আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ শেষে বাংলাদেশ নৌবাহিনীতে 'সাব লেফটেন্যান্ট' পদে নিয়মিত কমিশন প্রদান করা হবে। নেভাল একাডেমিতে পেশাগত প্রশিক্ষণের পাশাপাশি এক্সিকিউটিভ শাখার ক্যাডেটদের মেরিটাইম সায়েন্স বিষয়ে বিএসসি (অনার্স) এবং সাপ্লাই শাখার ক্যাডেটদের বিবিএ ডিগ্রি প্রদান করা হবে। ইঞ্জিনিয়ারিং ও ইলেক্ট্রিক্যাল শাখার ক্যাডেটদের MIST ঢাকায় বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি সম্পন্ন করানো হবে।

বেতন ও ভাতা

১৮। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী অফিসার ক্যাডেটগণ বেতন ও ভাতা প্রাপ্ত হবেন। পরবর্তীতে মিডশিপম্যান হিসেবে পদোন্নতির পর উচ্চতর ক্ষেলে বেতন প্রাপ্ত হবেন।

অন্যান্য বিশেষত্ব

১৯। **ক্যারিয়ার।** বৈচিত্র্যময় ও রোমাঞ্চকর একমাত্র নেভাল ক্যারিয়ারেই রয়েছে সি (আধুনিক যুদ্ধজাহাজ ও সাবমেরিন এবং জাহাজের ক্রু), এয়ার (নেভাল এভিয়েশন) এবং ল্যান্ড (নেভাল মেশিনাল ফোর্স/ নৌ কমান্ডো) এ তিনটি মাধ্যমেই চাকরির সুযোগ।

২০। **বিদেশে প্রশিক্ষণ।** প্রশিক্ষণের বিভিন্ন পর্যায়ে এবং কমিশন প্রাপ্তির পর মেধাবী ক্যাডেট এবং অফিসারগণের USA, UK, Australia, India, Pakistan, China সহ বিভিন্ন দেশে প্রশিক্ষণের সুযোগ।

২১। **উচ্চতর শিক্ষা।** ব্যক্তিগত যোগ্যতার ভিত্তিতে স্নাতকোত্তর (এমএসসি/এমএস, এমবিএ, এমএ, এমফিল ও পিএইচডি) ডিগ্রি অর্জনের সুযোগ পাবেন।

২২। **উচ্চতর প্রশিক্ষণ সুবিধা।** দেশে-বিদেশে সরকারি খরচে বিভিন্ন পর্যায়ে উচ্চতর প্রশিক্ষণের সুযোগ।

২৩। **জাতিসংঘ মিশন।** জাতিসংঘ সদর দপ্তর এবং জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বিদেশ ভ্রমণ ও আর্থিক স্বচ্ছলতা অর্জনের সুযোগ। এছাড়াও বিদেশে বিভিন্ন মিশনে চাকরির সুযোগ রয়েছে।

২৪। **বাসস্থান।** নৌবাহিনী অফিসার্স হাউজিং এলাকার নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন সুসজ্জিত বাসস্থানের সুযোগ।

২৫। **পুট প্রাপ্তি।** নৌবাহিনীর হাউজিং প্রকল্পসমূহে (NOHS ও BNCHL) প্রাধিকার ভিত্তিতে শর্ত সাপেক্ষে পুট প্রাপ্তির সুবিধা।

২৬। **চিকিৎসা।** সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দূরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে বিধি মোতাবেক নগদ অর্থ প্রদানসহ বিদেশে পাঠানোর ব্যবস্থা। এছাড়া অবসর পরবর্তী পরিবারের চিকিৎসা সুবিধা।

২৭। **সন্তানদের অধ্যয়ন।** নিজ সন্তানদের জন্য নৌবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজ; মেডিক্যাল কলেজ, ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ (AFMC), মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি (MIST) এবং বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (BUP) এ যোগ্যতা অনুযায়ী শিক্ষা গ্রহণের সুযোগ পাবেন।

অনলাইনে আবেদনের সময়সীমা

১০ জুলাই হতে ১৪ আগস্ট ২০২৬

শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে।

বাংলাদেশ নৌবাহিনীতে যোগ দিতে ভিজিট করুন : www.joinnavy.navy.mil.bd

পরিচালক, পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর
নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা ১২১৩
বিশেষ প্রয়োজনে যোগাযোগ করুনঃ
ফোন : (০২) ৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২২১৬
হেল্প লাইন : ০৯৬১৩৪৬২২১৫ (০৮০০-১৪৩০ ঘটিকা)
০১৭৬৯৭০২২১৫ (১৪৩০-২০০০ ঘটিকা)

